



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৪৩৯/নার/ ৪২৬২(২০)

তারিখ : ২০/১২/২০২০

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ নুরুল ইসলাম-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৮/০৫/২০১৯ তারিখের আবেদন।
(২) জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ-এর ১২/১০/২০২০ তারিখের ৬৯২ নং তদন্ত প্রতিবেদন।
(৩) বোর্ডের ১৫/১১/২০২০ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ নুরুল ইসলাম-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ-এর তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়নি। ফলে প্রাপ্ত প্রতিবেদন এবং দাখিলকৃত প্রামাণ্য কাগজপত্রাদি যাচাই-বাছাইপূর্বক বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ নুরুল ইসলাম-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : সভাপতি, এডহক কমিটি
নবাব আসকারী আদর্শ উচ্চ বিদ্যালয়
পোঃ- কাঞ্চন, উপজেলা- রূপগঞ্জ
জেলা- নারায়ণগঞ্জ।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৪২৬২(২০)

তারিখ : ২০/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৭। প্রধান শিক্ষক, নবাব আসকারী আদর্শ উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ নুরুল ইসলাম, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), নবাব আসকারী আদর্শ উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

স্বাঃ
২০/১২/২০